

স্বাধীনতা

তারিখ: 15 MAY 2014
পৃষ্ঠা: ২৭

জবিতে ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে আহত ৮, বহিষ্কার ৬

■ সমকাল প্রতিবেদক/জবি প্রতিনিধি
আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শাখা ছাত্রলীগের দুই গ্রুপের কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। গতকাল বুধবার এ সংঘর্ষে উভয় গ্রুপের অন্তত আটজন আহত হয়েছেন। এদিকে ছাত্রলীগের কেন্দ্রীয় সংসদের জরুরি সিদ্ধান্তে বিশ্ববিদ্যালয়ের সাংগঠনিক সম্পাদকসহ ছয়জনকে শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমে জাতি বহিষ্কার করা হয়েছে।
প্রত্যক্ষদর্শীরা জানান, সোমবার বিশ্ববিদ্যালয়ের উচ্চাঃ-১ বাসে ছাত্রলীগ কর্মীদের মধ্যে হাতাহাতি হয়। এ ঘটনার পর বুধবার সকাল সাড়ে ৯টার দিকে ক্যাম্পাসে অবস্থান নিয়ে পূর্বপরিষ্কৃতভাবে শাখা ছাত্রলীগের সভাপতি শরিফুল ইসলামের অনুসারী সাংগঠনিক সম্পাদক কানন, ছাত্রলীগ কর্মী শাকিল, আসাদুজ্জামান আসাদ, ছোট কাননের নেতৃত্বে ১০-১২ কর্মী, চাপাতি, রুড ও লাঠিসোটা নিয়ে সাধারণ সম্পাদক নিরাজুল ইসলামের অনুসারী সাংগঠনিক সম্পাদক তানভীর রহমান, রাসেল ও সাইফুলের ওপর হামলা চালায়। এ সময় লাঠির আঘাতে রাসেলের মাথায় প্রচণ্ড জখম হয়। হামলার খবর শুনে সাধারণ সম্পাদকের

কম্বীরা সকাল ১১টার দিকে লাঠিসোটা নিয়ে সভাপতি গ্রুপের কর্মীদের ধাওয়া দিয়ে ক্যাম্পাস থেকে বিতাড়িত করে। এ সময় আশরাফুল নামে এক ছাত্রলীগ কর্মীসহ বেশ কয়েকজনকে মারধর করে সভাপতি গ্রুপের কম্বীরা। পরে পুলিশ, প্রক্টরিয়াল বতির সদস্য ও শাখা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মফিজুল ইসলাম পরিহিত নিয়ন্ত্রণে আনেন। এদিকে দুপুর ২টার দিকে সভাপতি গ্রুপের কম্বীরা নতুন ভবনের নিচে দ্বিতীয় দর্ভায় সাধারণ সম্পাদক গ্রুপের কর্মী প্রাণিবিদ্যা বিভাগের ছাত্র জামিম উদ্দিনকে একা পেয়ে মারধর করে।
ছয় নেতা বহিষ্কার
ছাত্রলীগ কেন্দ্রীয় নির্বাহী সংসদের জরুরি সিদ্ধান্তে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার ছয় নেতাকে সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃতরা হলেন- জবি শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক গোলাম মাস্টুল সিদ্দিকী, জহির রায়হান আতন, উপআইন সম্পাদক সাক্য হোসেন, উপসম্পাদক মো. রায়হান, উপপাঠাগার সম্পাদক মো. ইব্রাহীম ও সহসম্পাদক শরীফ। গতকাল ছাত্রলীগের কেন্দ্রীয় দফতর সম্পাদক শেখ রাসেল হাকরিত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।